

মতুয়া সঙ্গীত


৫৪ নং

তাল—একতাল

- হরি তব অভয় পদে শরণ নিতে পারি কই ।
 তুমি আমার সর্বস্ব ধন, সে'ত শুধু মুখে কই ॥
- ১। মিছে মায়ার অকিঞ্চনে, মজিয়ে কামিনী কাঞ্চনে;
 আমি আপনি জ্বলে পাপাণ্ডনে, আপন প্রাণ দক্ষ হই ॥
- ২। মত্ত হয়ে অহঙ্কারে, ঘুরে বেড়াই অন্ধকারে ।
 আমার জ্ঞানের আলো বন্ধ করে, অন্ধকারে ডুবে রই ॥
- ৩। পেয়ে তোমার সুখের সংসার, আমি ভাবি আমার আমার ।
 আমার অহঙ্কারে পূর্ণ বিকার, সব অস্বীকার করে লই ॥
- ৪। রসিক বলে আমি অজ্ঞ পোড়াইলেম নিজের ভাগ্য ।
 হরি হওয়া তোমার দাসের যোগ্য, হয় কি

তোমার দয়া বই ॥

—রসিক বালা



৫৫ নং

তাল—একতাল

- শ্রীহরির কৃপা-সাগরে কবে মিশ্বে আমার আশানদী ।
 আমার এমন সুদিন কবে হবে ভাবি বসি নিরবধি ॥
- ১। পাপেতে ঘোলা ময়লা জল, কতদিনে হবে নিশ্চল,
 পরশ করে প্রেম জলধি ।
 তাইতে মনডুবুরী, বলে হরি, ডুবে তুলবে রত্ননিধি ॥